



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জয়িতা ফাউন্ডেশন
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর



০৯/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত ই-গভর্ন্যাল ও উন্নাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	আফরোজা খান
	ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	০৯ নভেম্বর ২০২১
সভার সময়	বিকাল ৩.৩০টা
স্থান	মিনি কনফারেন্স রুম, জয়িতা ফাউন্ডেশন
উপস্থিতি	হাজিরা শিট (সংযুক্ত)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে ই-গভর্ন্যাল ও উন্নাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যক্রম শুরু করেন। সভায় ইতিমধ্যে ধারণাকৃত উন্নাবনী উদ্যোগ, সেবা সহজীকরণ ও সেবা ডিজিটাইজেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হ্য। সভায় নিম্নোক্ত আলোচনা হ্য ও সিদ্ধান্ত গৃহীত হ্য;

১. সেবা ডিজিটাইজেশন হিসেবে গৃহীত ধারণা: উদ্যোক্তা নিবন্ধনের আবেদন গ্রহণ ডিজিটাইজেশন বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত হ্য;

সিদ্ধান্ত ১.১। ফাউন্ডেশন এবং ইজয়িতার দুটি ওয়েবসাইটেই উদ্যোক্তা নিবন্ধনের জন্য ইন্টার অ্যাক্টিভ পেজ/ ফর্ম তৈরী করে নিবন্ধনের সকল আবেদন অনলাইনে গ্রহণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নকারী- ১। সহকারী ম্যানেজার, বিপণন ও সম্প্রসারণ শাখা।

২। প্রোগ্রামার।

সিদ্ধান্ত ১.২। জয়িতা ফাউন্ডেশনের উদ্যোক্তা নিবন্ধন ও ই-জয়িতা অনলাইন প্ল্যাটফর্মে উদ্যোক্তা নিবন্ধনের জন্য ম্যানুয়েল পদ্ধতিতে আবেদন ও অনলাইনে নিবন্ধনের জন্য একই ফর্ম ব্যবহার করতে হবে।

বাস্তবায়নকারী- ১। সহকারী ম্যানেজার, সমন্বয় শাখা

২। সহকারী ব্যবস্থাপক, বিপণন ও সম্প্রসারণ শাখা।

সিদ্ধান্ত ১.৩। ই-জয়িতার অনলাইনে নিবন্ধিত নারী উদ্যোক্তাদের সবাইকে ফাউন্ডেশনের ডাটাবেজে উদ্যোক্তা হিসেবে নিবন্ধন প্রদান করে ডাটা বেজে/ তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।

বাস্তবায়নকারী- সহকারী ম্যানেজার, বিপণন ও সম্প্রসারণ শাখা।

সিদ্ধান্ত ১.৪। সেবা ডিজিটাইজেশন কার্যক্রম আগামী ৩০/১২/২০২১ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়নকারী-

সহকারী ম্যানেজার, বিপণন ও সম্প্রসারণ শাখা।

২. সেবা সহজীকরণ হিসেবে গৃহীত ধারণা: জয়িতা বিপণন কেন্দ্রের স্টল ভাড়া ডিজিটাল পদ্ধতিতে পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হ্য;

সিদ্ধান্ত ২.১। জয়িতা বিপণন কেন্দ্রের স্টল ভাড়া ডিজিটাল পদ্ধতিতে পরিশোধ করার পদ্ধতি চালু করার জন্য উপযুক্ত মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস অথবা অনলাইন ব্যাংকিং সেবা নির্বাচন করে ২৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে সেবাটি বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়নকারী- সহকারী ম্যানেজার, বিপণন ও সম্প্রসারণ শাখা।

৩. উত্তীর্ণ উদ্যোগ হিসেবে গৃহীত ধারণা: জয়িতা'র ব্র্যান্ডে নারী উদ্যোগ্তা রাইডার দ্বারা চালিত শুধু নারী যাত্রীদের জন্য জয়িতা রাইড শেয়ারিং বাইক সেবা চালু বিষয়ে আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়;

সিদ্ধান্ত ৩.১। জয়িতা'র ব্র্যান্ডে নারী উদ্যোগ্তা রাইডার দ্বারা চালিত শুধু নারী যাত্রীদের জন্য জয়িতা রাইড শেয়ারিং বাইক সেবা চালুর লক্ষ্যে পাঠাও/ OBHAI এর মত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ও আলোচনা করে উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে এবং নির্বাচিত প্লাটফর্মে জয়িতা ব্র্যান্ডে উত্তীর্ণ উদ্যোগটি ১৬ মার্চ ২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

- বাস্তবায়নকারী- ১। সহকারী ম্যানেজার, প্রশাসন শাখা,
- ২। সহকারী ম্যানেজার, অর্থ ও অডিট শাখা,
- ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা শাখা
- ৪। সহকারী ম্যানেজার, কারুশিল্প শাখা।

৪. বিবিধ: উল্লিখিত কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি মাসে একটি করে সভা করতে হবে।

বাস্তবায়নকারী- সহকারী ম্যানেজার, সমন্বয় শাখা।

৫. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে আন্তরিক হবার আহ্বান জানিয়ে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আফরোজা খান

ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩২.০৮.০০০০.০০১.৭৭.৪২৪.২১.২৮০

তারিখ: ২৭ কার্তিক ১৪২৮

১২ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক- ১, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ২) সহকারী ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৩) সহকারী ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৪) সহকারী ব্যবস্থাপক (বিপণন ও সম্প্রসারণ), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৫) সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৬) সহকারী ব্যবস্থাপক (কারুশিল্প), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৮) প্রোগ্রামার, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৯) পিএ টু ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন



আফরোজা খান

ব্যবস্থাপনা পরিচালক